গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর
জিএল রায় রোড,পূর্ব কামালকাছনা
রংপুর।

## নিয়োগ বিজ্ঞপ্তি

নথি নং-২(২২)১১১/জন প্রঃ/নিয়োগ/৩য় ও ৪র্থ শ্রেণী/সদর/২০১৫/৬১৪৩ তারিখঃ ০৭/১১/২০১৬খ্রিষ্টাব্দ।

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা'র পত্র সংখ্যা-০৮.০০.০০০০.০৩৮.১১.০২৫.১১(অংশ-৪).৩৭৯, তারিখ-২৬.০৫.২০১৬খ্রিঃ এর অনুমোদন অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর-এর নিম্নে উল্লিখিত শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে শর্ত সাপেক্ষে দরখাস্ত ডাকযোগে আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার নাগরিকগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | কম্পিউটার অপারেটর ১২৫০০-৩০২৩০/- | ০১টি | (ক) যে কোন বিষয়ের উপর মাস্টার্স ডিগ্রি অথবা বিএসসি ইন কম্পিউটার সায়েন্স (খ) standard test for programming এ উত্তীর্ণ হতে হবে। | (১) রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (২) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের যে কোন জেলা থেকে আবেদন করতে পারবেন। |
| ২ | স্পীডবোট ড্রাইভার ৯৩০০-২২৪৯০/- | ০১টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) বৈধ স্পীডবোট ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং স্পীড বোর্ড চালনায় কমপক্ষে ০২ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। | |

**আবেদনপত্র দাখিলের শর্তাবলীঃ**

১. নিম্নে উল্লিখিত বিবরণ ও সত্যায়িত সনদপত্রসহ আবেদনপত্র রেজিস্টার্ড ডাকযোগে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর, জিএল রায় রোড, পূর্ব কামালকাছনা, রংপুর বরাবর আগামী ০৪/১২/২০১৬ খ্রিষ্টাব্দ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২. আবেদনকারীকে নিম্নোক্ত 'আবেদন ফরম' মোতাবেক স্বহস্তে/কম্পিউটার কম্পোজ করে স্বাক্ষরপূর্বক আবেদন করতে হবে।

### 'আবেদন ফরম'

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত ছবি

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম | | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর | | | তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায়: | | | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে): | | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয়পত্র নম্বর | | | | | | | | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর | | | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. | নিজ জেলা | |
| ৭. | ০৪/১২/২০১৬ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স | | বছর | | মাস | | দিন | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | | | |

| | | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/ওয়ার্ড | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড | | |
| | ডাকঘর | | |
| | পোস্টকোড নম্বর | | |
| | উপজেলা | | |
| | জেলা | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগ | ই-মেইল (যদি থাকে) | | | |
| ১২. | জাতীয়তা | | ১৩. | লিঙ্গ | |
| ১৪. | ধর্ম | | ১৫. | পেশা | |

১৬. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) | | | | | | | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | | | | |
| ১৯. | কোটা (টিক চিহ্ন দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | | | | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | | | | অন্যান্য (উল্লেখ করুন) | | | | |
| ২০. | ট্রেজারী চালান নম্বর | | তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | |
| | ব্যাংক ও শাখার নাম | | | | | | | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক চিহ্ন দিন) | হ্যাঁ | | না | | | | প্রযোজ্য নয় | | | | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| আমি এ মর্মে অঙ্গিকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব। | | | | | | | | | |
| তারিখ | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |

৩. আবেদনের সাথে আবেদন ফরম, মূল ট্রেজারী চালানের কপি, ৯ম গ্রেড বা তদুর্ধ কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের ছবি, প্রার্থীর নাম, বর্তমান ঠিকানা উল্লেখ করে ১০.০০ (দশ) টাকা মূল্য মানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট আলাদা একটি ফেরত খাম এবং বিশেষ কোটার স্বপক্ষে দলিলাদি প্রেরণ করতে হবে।

৪. আবেদনপত্রের খামের উপরের পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।

৫. ১০০ (একশত) টাকা (অফেরৎযোগ্য) পরীক্ষার ফি বাবদ কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে ১/১১৩৩/০০৪৫/২০৩১ অর্থনৈতিক কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হবে।

৬. আবেদনের সাথে ৩নং অনুচ্ছেদে বর্ণিত কাগজপত্র ব্যতীত অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই। তবে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারের সময় নিম্নোক্ত দলিলাদি প্রদর্শন করতে হবে এবং ফটোকপি জমা দিতে হবে।

ক) সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;

খ) ৯ম বা তদুর্ধ গ্রেডের কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি;

গ) নাগরিকত্ব সনদপত্রের মূল কপি (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত); অভিজ্ঞতা সনদপত্রের মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঘ) জন্ম নিবন্ধন সনদের মূল কপি; মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি (চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর মুক্তিযোদ্ধা সনদের সঠিকতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে যাচাই করা হবে);

ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে "প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা" এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের মূল কপি;

চ) এতিমখানা নিবাসী, প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের মূলকপি;

৭. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশে স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।

৮. উল্লিখিত পদসমূহে রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, দিনাজপুর, ঠাকুরগাঁও এবং পঞ্চগড় জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের যে কোন জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

৯. সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১০. ০৪.১২.২০১৬ খ্রিষ্টাব্দ তারিখে সাধারণ প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের বয়সসীমা ১৮-৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। প্রযোজ্য ক্ষেত্রে ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধন সনদপত্র এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১১. সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধাদের সন্তান, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, সরকারী/বে-সরকারী এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।

১২. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৩. প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যতা অনুযায়ী) পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে পত্রদ্বারা জানানো হবে।

১৪. লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১৫. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্ত ভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯. আবেদনপত্রের উপর কোন সুপারিশ গ্রহণ বা যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

০৭/১১/১৬

কমিশনার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
রংপুর।